**HS/XII/A/b/21**

**2021**

**BENGALI ( ELECTIVE )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt Part—A (Objective Questions) serially.

(iii) Attempt all parts of a question together at one place.

( PART : A—OBJECTIVE )

( *Marks* : 50 )

SECTION—I

( *Marks* : 25 )

১। সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে কোনো **পাঁচটি**): ১×৫=৫

(ক) ''আমারেই পাবে তুমি ইহাদের _____।''

( মাঝে / ভিড়ে / কাছে )

(খ) ''সারাদিন কেটে যাবে _____ গন্ধ ভরা জলে ভেসে ভেসে;

( বকুল / গোলাপ / কলমীর )

(গ) ‘‘রাজার ঘরে উত্তরাধিকারীই জন্মায়, _____ জন্মায় না।’’
( তনয় / ছেলে / পুত্র )

(ঘ) ‘‘মালাধর বসু _____ গ্রাম নিবাসী ছিলেন।’’
( কুলীন / ফুলিয়া / সিঙ্গি )

(ঙ) ‘‘দয়া _____ তিনি মেয়ে মানুষের লক্ষণ বলেই জানেন।’’
( বিষয়টাকে / ভাবনাটাকে / জিনিষটাকে )

(চ) ‘‘_____ একখানি বাঙ্গালার ইতিহাস লিখিয়াছেন বটে। কিন্তু তাহাতে আমাদের দুঃখ মিটিল না।’’
( ভজকৃষ্ণবাবু / রাজকৃষ্ণবাবু / রামকৃষ্ণবাবু )

(ছ) ‘‘কুকথায় পঞ্চমুখ, কণ্ঠভরা _____।’’
( বিষ / মধু / সুধা )

(জ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের রচয়িতা হলেন _____।
( মুকুন্দরাম / ভারতচন্দ্র / মালাধর বসু )

২। সত্য/মিথ্যা নির্ণয় করে উত্তর-পত্রে লেখ (যে কোনো **দশটি**): ১×১০=১০

(ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের নাম ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্য।

(খ) ‘প্রায়শ্চিত্ত’ একটি উপন্যাস।

(গ) 'ভালোবাসার অত্যাচার' প্রবন্ধের রচয়িতা মধুসূদন দত্ত।

(ঘ) কৃত্তিবাস 'মহাভারত'-এর অনুবাদ করেন।

(ঙ) বসন্তরায় উদয়াদিত্যের মামা ছিলেন।

(চ) ''যে ভালোবাসে, সে-ই অত্যাচার করে।''

(ছ) সুরমা প্রতাপাদিত্যের কন্যা ছিলেন।

(জ) বিদ্যাপতি মৈথিলী কবি ছিলেন।

(ঝ) ফুল্লরা 'মনসামঙ্গল'-এর চরিত্র।

(ঞ) বেহুলা 'চণ্ডীমঙ্গল'-এর চরিত্র।

(ট) কবিকঙ্কণ মুকুন্দরাম 'চণ্ডীমঙ্গল'-এর রচয়িতা।

(ঠ) 'প্রশ্ন' কবিতার কবি ভারতচন্দ্র।

(ড) 'দশানন' রাবণের আরেক নাম।

৩। সঠিক শব্দ যোগ করে উত্তর লেখ (যে কোনো **দশটি**): ১×১০=১০

(ক) বিভা প্রতাপাদিত্যের কে ছিল?

( স্ত্রী / কন্যা / পুত্রবধূ )

(খ) কোন্ রাজার আদেশে 'অন্নদামঙ্গল' কাব্য রচিত হয়?

( রাজা রামকৃষ্ণের / রাজা হরিশ্চন্দ্রের / রাজা কৃষ্ণচন্দ্রের )

(গ) 'ধানসিঁড়ি' নদী কোন্ কবিতায় আছে?

( 'প্রশ্ন' / 'দশাননের বিলাপ' / 'আবার আসিব ফিরে' )

(ঘ) 'ভালোবাসার অত্যাচার' প্রবন্ধটির লেখক কে?

( রবীন্দ্রনাথ / বঙ্কিমচন্দ্র / শরৎচন্দ্র )

(ঙ) 'মনসামঙ্গল'-এ লখিন্দরের স্ত্রীর নাম কি ছিল?

( মেনকা / বেহুলা / ফুল্লরা )

(চ) শিমুলতলির চটিতে বসন্তরায়কে হত্যা করবার জন্য কে এসেছিল?

( মোগল / পাঠান / ফারসী )

(ছ) বামী কার পরিচারিকা ছিল?

( সুরমার / প্রতাপাদিত্যের / রাজমহিষীর )

(জ) রামাই কার রাজসভার ভাঁড় ছিল?

( প্রতাপাদিত্য / বসন্তরায় / রামচন্দ্র রায় )

(ঝ) ''যে মোরে আপনভাবে, তারি ঘরে যাই।'' বক্তা কে?

( দেবী চণ্ডী / ঈশ্বরী পাটনী / দেবী অন্নপূর্ণা )

(ঞ) 'পূর্বরাগ' কবিতার কবি কে?

( বিদ্যাপতি / চণ্ডীদাস / গোবিন্দদাস )

(ট) রাবণের সভায় উপস্থিত ভগ্নদূতের নাম কী ছিল?

( সারণ / বিভীষণ / মকরাক্ষ )

(ঠ) 'বিবিধ প্রবন্ধ'-এর রচয়িতা কে?

( শরৎচন্দ্র / দৌলত কাজী / বঙ্কিমচন্দ্র )

## SECTION—II

( *Marks* : 25 )

৪। যে কোনো **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: ৫×৫=২৫

(ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের নাম কি? এটি কবে, কে, কোথা থেকে আবিষ্কার করেন? ১+১+১+২=৫

(খ) কালকেতু-ফুল্লরার কাহিনী কোন্ মঙ্গলকাব্যের অন্তর্গত? সেই মঙ্গলকাব্য ধারার একজন কবি সম্পর্কে সংক্ষেপে লেখ। ২+৩=৫

(গ) সুরমা কোন্ নাটকের চরিত্র? উদয়াদিত্য ও প্রতাপাদিত্যের সঙ্গে তার কী সম্পর্ক ছিল? চরিত্রটির পরিচয় দুই তিন লাইনে লেখ। ১+১+৩=৫

(ঘ) ''তারা বলে গেল, 'ক্ষমা করো সবে',
বলে গেল—'ভালোবাসো—অন্তর হতে বিদ্বেষ বিষ নাশো'।''

কোন্ কবিতার লাইন? কবিতাটির রচয়িতা কে? কারা বলেছেন—'ক্ষমা করো', 'ভালোবাসো'? ১+১+৩=৫

(ঙ) ''সাহেবরা যদি পাখী মারিতে যান, তাহারও ইতিহাস লিখিত হয়, কিন্তু বাঙ্গালার ইতিহাস নাই।'' উপরিউক্ত লাইনটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রবন্ধটির রচয়িতার নাম কি? তিনি কেন এ কথা বলেছেন? ১+১+৩=৫

(চ) ''একা দেখি কুলবধূ, কে বট আপনি''

কোন্ কবিতার লাইন? কে, কাকে, কোন্ প্রসংগে একথা বলেছিলেন? ১+১+১+২=৫

(ছ) ''আচ্ছা খাঁ সাহেব, তোমার তো বেশ মজবুত শরীর, তুমি তো ফৌজের সিপাহী হতে পার।'' বক্তা কে? তিনি কোথাকার রাজা ছিলেন? তিনি কাকে এ কথা বলেছিলেন এবং কেন? ১+১+৩=৫

## ( PART : B—DESCRIPTIVE )

( *Marks* : 50 )

৫। যে কোনো **একটি** অংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা কর : ৮

(ক) ''মনুষ্যজীবন ভালোবাসার অত্যাচারে পরিপূর্ণ।''

(খ) ''কি কুক্ষণে দেখেছিলি, তুই রে অভাগী
কাল পঞ্চবটী বনে, কালকূটে ভরা এ ভুজগে?''

(গ) ''নাম পরতাপে যার ঐছন করিল গো
অঙ্গের পরশে কি বা হয়।''

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'ভালোবাসার অত্যাচার' প্রবন্ধটির বক্তব্য সংক্ষেপে নিজের ভাষায় লেখ।

(খ) বাংলার প্রাচীন ইতিহাস না থাকার যে কারণগুলি বঙ্কিমচন্দ্র তাঁর 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধে ব্যক্ত করেছেন সে সম্পর্কে যা জান, লেখ।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'প্রশ্ন' কবিতাটিতে কবি কাকে প্রশ্ন করেছেন? কবিতাটির সারাংশ সংক্ষেপে লেখ।

(খ) 'আবার আসিব ফিরে' কোন্ ধরনের কবিতা? কবির গ্রাম বাংলা ও প্রকৃতি-প্রীতির স্বরূপটি নিজের ভাষায় ব্যক্ত কর।

(গ) 'দশাননের বিলাপ' কবিতাটির কবি কে? এই কাব্যাংশটি কোন্ মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? তোমার নিজের ভাষায় রাবণের রাজসভার বর্ণনা কর।

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ধনঞ্জয় বৈরাগীর চরিত্র চিত্রণ কর।

(খ) বিভার চরিত্র বিশ্লেষণ কর।

(গ) ''আমার মাকে আমি আনব, তুমিই বা বারণ করবার কে?'' উক্তিটি কার এবং নাটকে তার পরিচয় কি? তিনি কাকে উদ্দেশ্য করে এই উক্তি করেছেন এবং কেন? সংক্ষেপে বক্তার এরূপ মন্তব্যের কারণ ব্যাখ্যা কর।

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+১+৯=১২

(খ) জীবনী সাহিত্য বলতে কি বোঝ? শ্রেষ্ঠ চৈতন্যজীবনীকার কে ছিলেন? তাঁর সম্পর্কে যা জান, লেখ। ৩+১+৮=১২

(গ) বিদ্যাপতি কোথাকার কবি ছিলেন? বাংলা সাহিত্যে তাঁর অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। ২+১০=১২

(ঘ) 'মনসামঙ্গল' কাব্যের মূল কাহিনী সংক্ষেপে আলোচনা কর।

(ঙ) নীচের যে কোনো **দুটি** বিষয় অবলম্বন করে টীকা লেখ: ৬+৬=১২

অন্নদামঙ্গল কাব্য, দৌলতকাজী, কাশীরাম দাস, শাক্ত পদাবলী।

★★★